

তারিখ 3 1.OCT 1986
পৃষ্ঠা... .. 4 কলা... ..

উপজেলা পরিক্রমা

মির্জাপুর

॥ আবুল হোসেন ॥

টাঙ্গাইল জেলাশহর হতে ১৮ মাইল দক্ষিণে টাঙ্গাইল-ঢাকা সড়কের পাশে মির্জাপুর উপজেলা। এ উপজেলার উত্তরে বাসাইল, দক্ষিণে ও পূর্বে ঢাকা জেলা, পশ্চিমে নাগরপুর ও টাঙ্গাইল উপজেলা। ১শ' ৪৪ বর্গমাইল আয়তন বিশিষ্ট এ উপজেলায় মোট জনসংখ্যা ২ লাখ ৯৩ হাজার ৭শ' ৭৯ জন।

এই উপজেলা মোট ১২টি ইউনিয়ন ও ৫৮টি গ্রাম সমন্বয়ে গঠিত।

শিক্ষা :

মির্জাপুর উপজেলায় ১টি কলেজ, ১টি ক্যাডেট কলেজ, ১টি আবাসিক বিদ্যালয়, ৫টি উচ্চ বালিকা বিদ্যালয়, ২০টি উচ্চ বিদ্যালয়, ১টি মাদ্রাসা ও ১০৮টি সরকারী প্রাথমিক বিদ্যালয় রয়েছে।

ভারতেশ্বরী হোমস এ উপজেলায় অবস্থিত।

যাতায়াত :

টাঙ্গাইল-ঢাকা সড়ক পথে মটর যোগে ঢাকা, জামালপুর, ময়মনসিংহ প্রভৃতি স্থানে যাতায়াত করা যায়।

চিকিৎসা :

এখানে বৃহৎ কুমুদিনী হাসপাতাল আছে। এই হাসপাতালটি মেডিকেল কলেজে রূপান্তরিত করা হলে হাসপাতালটি আরও উন্নত হতো। এ ছাড়া এখানে একটি পল্লী স্বাস্থ্য কেন্দ্র আছে।

হাট-বাজার :

এ উপজেলায় হাট-বাজারের সংখ্যা ৪৮টি এগুলি সংস্কারের অভাবে নষ্ট হচ্ছে।

টেলিফোন :

এখানে একটি টেলিফোন একচেঞ্চও আছে। জেলা সদরের সাথে যোগাযোগ আছে।